

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৩৪

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - লোক দেখানো ও শুনানোর ব্যাপারে বর্ণনা

اَلْفَصِيْلُ الثَّالِثُ (بَابِ الرِّيَاءِ والسمعة)

আরবী

وَعَن مَحْمُود بن لبيد أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّ أَخْوَفَ مَا أَخَافُ عَلَيْكُمُ الشِّرْكُ الْأَصْغَرُ؟ قَالَ: «الرِّيَاءُ». رَوَاهُ الشِّرْكُ الْأَصْغَرُ؟ قَالَ: «الرِّيَاءُ». رَوَاهُ أَحْمَدُ. وَزَادَ الْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ»: يَقُولُ اللَّهُ لَهُمْ يَوْمَ يُجَازِي الْعِبَادَ بِأَعْمَالِهِمْ: انْهَبُوا إِلَى الَّذِينَ كُنْتُمْ تُرَاؤُونَ فِي الدُّنْيَا فَانْظُرُوا هَلْ تَجِدُونَ عِنْدَهُمْ جَزَاءً وَخَيْرًا؟

اسناده حسن ، رواه احمد (5 / 428 ح 24036) و البيهقى فى شعب الايمان (6831) ، نسخة محققة : 6412) .

(صَحِيح)

বাংলা

৫৩৩৪-[২১] মাহমূদ ইবনু লাবীদ (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) বলেছেন: আমি তোমাদের জন্য যে ব্যাপারে সর্বাপেক্ষা বেশি আশঙ্কা করছি তা হলো ছোট শিরক। লোকেরা প্রশ্ন করল, হে আল্লাহর রসূল! ছোট শিরক কি? তিনি (সা.) বললেন, লোক দেখানো 'আমল। (আহমাদ)

আর ইমাম বায়হাক্কী (রহিমাহুল্লাহ) শুআবূল ঈমানে অতিরিক্ত বর্ণনা করেছেন, বান্দাদের 'আমালের বিনিময়ের দিন আল্লাহ তা'আলা ঐ সমস্ত লোকেদেরকে বলবেন, যাও তোমরা সেই সমস্ত লোকদের কাছে, যাদেরকে দেখিয়ে দনিয়াতে 'আমল করেছিলে আর লক্ষ্ম করো তাদের নিকট থেকে কোন বিনিময় বা কোন কল্যাণ পাও কি না?

ফটনোট

সহীহ: শুআবূল ঈমান ৬৮৩১, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৩২, আল মুজামুল কাবীর লিত তবারানী



8୪୦୬ ।

ব্যাখ্যা

ব্যাখ্যা : إِنَّ أَخْوَفَ مَا أَخَافُ عَلَيْكُمُ الشِّرْكُ الْأَصْغَرُ) নিশ্চয় আমি তোমাদের ব্যাপারে সবচেয়ে বেশি ভয় করছি শিরকে আসগরের। সাহাবীগণ জিজ্ঞেস করলেন : শিরকে আসগর কি? তিনি (সা.) উত্তর দিলেন: রিয়া বা লোক দেখানো 'আমল। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মাহমূদ ইবনে লাবীদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন